

REGIONAL NEWS UNIT
ALL INDIA RADIO, AGARTALA
Date: 17-03-2026
Time: 07:35-07:40 AM Hrs
BENGALI MORNING BULLETIN

State Budget :

অর্থমন্ত্রী প্রণজিৎ সিংহ রায় গতকাল রাজ্য বিধানসভার অধিবেশনে ২০২৬-২৭ অর্থবছরের জন্য বাজেট পেশ করেছেন। প্রস্তাবিত বাজেটে ২০২৬-২৭ অর্থবছরের জন্য মোট ৩৪ হাজার ২১২ কোটি ৩১ লক্ষ টাকা ব্যয় বরাদ্দের সংস্থান রাখা হয়েছে। যা চলতি অর্থবছরের বাজেটের তুলনায় ব্যয় বরাদ্দের হার ৫ দশমিক পাঁচ দুই শতাংশ বেশি। প্রস্তাবিত বাজেটে সম্ভাব্য আয় ধরা হয়েছে ৩৩ হাজার ৯৭১ কোটি ৫৯ লক্ষ টাকা। ঘাটতি ২৪০ কোটি ৭২ লক্ষ টাকা। আগামী অর্থবছরে বাজেট নতুন কর আরোপের কোনো প্রস্তাব রাখা হয়নি। অর্থনীতিকে আরো গতিশীল করতে আগামী অর্থবছরের বাজেটে মূলধনী ব্যয়ের উপর বিশেষ গুরুত্ব দেওয়া হয়েছে।

CM-Budget :

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা ২০২৬-২৭ অর্থ বছরের বাজেটকে ২০৪৭ সালের মধ্যে বিকশিত ভারত ও বিকশিত ত্রিপুরা গঠনের ক্ষেত্রে রোডম্যাপ বলে অভিহিত করেন। বিধানসভা ভবনে তিনি বলেন, প্রস্তাবিত বাজেট উৎপাদন, বিশ্বমানের পরিকাঠামো, স্বাস্থ্য পরিষেবা, পর্যটন এবং কৃত্রিম বুদ্ধিমত্তার মতো উদীয়মান প্রযুক্তি সহ গুরুত্বপূর্ণ ক্ষেত্রগুলিকে শক্তিশালী প্রেরণা দেবে।

#####Byte-CM#####

Bye Election-Dharmnagar :

ধর্মনগর বিধানসভা কেন্দ্রের উপনির্বাচনের জন্য মনোনয়নপত্র গ্রহণের আজ দ্বিতীয় দিন। আগামী ২৩শে মার্চ পর্যন্ত মনোনয়নপত্র গ্রহণ করা হবে। ২৪শে মার্চ মনোনয়নপত্রের স্কুটিনী। নির্বাচন কমিশন ধর্মনগর বিধানসভা কেন্দ্রের উপনির্বাচনের জন্য গতকাল বিজ্ঞপ্তি জারি করেছে। গতকাল থেকেই মনোনয়নপত্র গ্রহণের প্রক্রিয়া শুরু হয়েছে। মনোনয়নপত্র প্রত্যাহারের শেষ দিন আগামী ২৬শে মার্চ। ভোট গ্রহণ ৯ এপ্রিল।

Yarn Distribution-CM :

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন সরকারের লক্ষ্য জনজাতি এলাকাগুলিতে শিক্ষার প্রসার ও জনজাতি ছেলেমেয়েদের মধ্যে মেধা ও দক্ষতা বৃদ্ধি করা। গতকাল রবীন্দ্রভবনে জনজাতি কল্যাণ দপ্তরের উদ্যোগে জনজাতি মহিলাদের সুতা প্রদান এবং বিভিন্ন বোর্ড পরীক্ষায় কৃতী জনজাতি ছাত্রছাত্রীদের মেরিট অ্যাওয়ার্ড প্রদান অনুষ্ঠানের উদ্বোধন করে তিনি একথা বলেন। মুখ্যমন্ত্রী বলেন সরকার চেষ্টা করছে জনজাতি মহিলাদের নিজেদের পরম্পরাগত হস্তশিল্পের সাথে আরও বেশি করে যুক্ত করে দক্ষতা বৃদ্ধির মধ্য দিয়ে তাদের বিকল্প আয়ের সাথে যুক্ত করা। অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী ৫টি মহকুমা থেকে আগত জনজাতি মহিলাদের রিয়া পাছড়া বোনার সুতা তুলে দেন এবং মেধাবী জনজাতি ছাত্রছাত্রীদের আর্থিক পুরস্কার প্রদান করেন। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন জনজাতি কল্যাণমন্ত্রী বিকাশ দেববর্মা, দপ্তরের অধিকর্তা শুভাশিস দাস প্রমুখ।

DA-CM :

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা সরকারী কর্মচারীদের জন্য ৫ শতাংশ মহার্ঘ্য ভাতা ঘোষণা করেছেন। মুখ্যমন্ত্রী রাজ্য বিধানসভায় জানিয়েছেন, এর ফলে ১ লক্ষ ২ হাজার ৫৬৩ জন নিয়মিত কর্মচারী, ৮১ হাজার ১৯

জন পেনশনার সহ অনিয়মিত কর্মচারীরা উপকৃত হবেন। এই সিদ্ধান্ত আগামী এপ্রিল থেকে কার্যকর হবে।

Nirmala Sitharaman :

কেন্দ্রীয় অর্থমন্ত্রী নির্মালা সীতারমন বলেছেন, ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানে বন্ধক রাখা সম্পত্তির সঠিক মূল্যায়ন নিশ্চিত করতে সরকার একাধিক ব্যবস্থা গ্রহণ করেছে। গতকাল লোকসভায় প্রশ্নোত্তর পর্বে তিনি জানান, এ বিষয়ে রিজার্ভ ব্যাঙ্ক অফ ইন্ডিয়া ও আর্থিক প্রতিষ্ঠানের জন্য নির্দেশিকা জারি করেছে।

Assembly Security :

ত্রয়োদশ ত্রিপুরা বিধানসভার নবম অধিবেশনে প্রবেশের ক্ষেত্রে নিরাপত্তা বজায় রাখার জন্য কিছু বিধিনিষেধ আরোপ করা হয়েছে। বৈধ অনুমতিপত্র ছাড়া কোনও ব্যক্তি বা যানবাহন বিধানসভা চত্বরে প্রবেশ করতে পারবে না। বিধানসভার সদস্য সদস্যগণ, সাংবাদিক এবং বিধানসভায় কর্মরত কর্মচারীরা বৈধ অনুমতিপত্র নিয়ে গাড়িতে বা অন্য কোনও বাহনে করে প্রবেশ করতে পারবেন। তবে ব্যাগ, অন্যান্য আপত্তিকর জিনিসপত্র নিয়ে কোনও দর্শনার্থী, সরকারি আধিকারিক, সাংবাদিকগণ এবং বিধানসভার কর্মীরাও প্রবেশ করতে পারবেন না।

Chaitra Puja :

জমাতিয়া হদা সম্প্রদায়ের ঐতিহ্যবাহী চৈত্র পূজা গতকাল উদয়পুর মহাদেব বাড়ি মন্দির ও মাতাবাড়ি ত্রিপুরা সুন্দরী মন্দিরে অনুষ্ঠিত হয়। গতকাল শিববাড়ি ও ত্রিপুরা সুন্দরী মন্দিরে পূজা অর্চনা করার দায়িত্বে ছিলেন জমাতিয়া হদার দুই অক্রা বিপ্র কুমার জমাতিয়া ও মনিন্দ্র মোহন

জমাতিয়া। আগামী ত্ৰিশ চৈত্র বাবা গাড়িয়া পূজা শুরু হবে। শেষ হবে
বৈশাখ মাসের সাত তারিখে।

Weather :

আগামী ২৪ ঘন্টায় রাজ্যের ধলাই, উত্তর ও উনকোটি জেলার কিছু স্থানে
ঝোড়া হাওয়া সহ বৃষ্টির সতর্কতা জারি করেছে আবহাওয়া দপ্তর। বাকি
সবকটি জেলায় বজ্রবিদ্যুৎ সহ বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে। আজ দিনের
সর্বোচ্চ তাপমাত্রা ৩৩ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে। আজ
ভোরে দিনের সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২১ ডিগ্রি সেলসিয়াস।
